ভোরের কাগজ

তারিখ ... 02 DEC 1998 ...
পৃষ্ঠা ৪ কলাম ৫

প্রধানমন্ত্রী সমীপেষু



# অসহায় একজন ছাত্রের আবেদন

মাননীয় প্রধামন্ত্রী,

নিয়তির নির্মম পরিহাসে আজ আমি সহায় সম্বলহীন, অসহায় এক ছাত্র। বর্তমানে আমি একাদশ শ্রেণীর দ্বিতীয় বর্ষের ছাত্র। জীবনের শুরুতেই আমি এমন এক সমস্যার সম্মুখীন হয়েছি যে, বেঁচে থাকার আগ্রহ হারিয়ে ফেলছি দিনে দিনে। আমার এমন কেউ নেই যে সাহায্য পাবো। সাহায্যের জন্য বিভিন্ন মানুষের শরণাপন্ন হয়েও কারো কোনো সহায়তা পাইনি। জীবনে বেঁচে থাকার জন্য আমাকে যেসব সমস্যার সম্মুখীন হতে হয়েছে আর হচ্ছে তার জন্য আমি আদৌ শারীরিক, মানসিক ও বয়সের দিক দিয়ে প্রস্তুত ছিলাম না। ১৯৯৫ সালে আমি পিতাকে হারিয়ে অসহায় অবস্থায় দিনাতিপাত করছি।

আমি নিতান্তই দরিদ্র ঘরের সন্তান। আমার আর্থিক অবস্থার জন্য আমাকে অনাহারে, অর্ধাহারে দিন কাটাতে হয়। বেঁচে থাকার জন্য আমাকে রাতদিন সংগ্রাম করতে হচ্ছে। শিক্ষা অর্জনের ইচ্ছা থাকলেও আর্থিক অক্ষমতার কারণে কারো সহযোগিতা ছাড়া তা আর সম্ভব হচ্ছে না।

আমি আপনার কার্যালয়ে এসে আমার সমস্যার কথা সরাসরি আপনাকে বলতে চাই। আপনার হাজারও ব্যস্ততার মাঝে আমাকে সাক্ষাৎ করার সুযোগ করে দেবেন এবং শিক্ষা-অর্জনের জন্য প্রয়োজনীয় উৎসাহ প্রদান করবেন, দয়া করে আমাকে সহায়তা করবেন।

এনামুল হোসেন খান
ডি সি রোড, গোপালগঞ্জ- ৮১০০।